গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।

**বিষয়ঃ গত ০৭-০৮-২০১৯ তারিখে অনুষ্ঠিত কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্প এবং রাজস্ব বাজেটভূক্ত কর্মসূচীর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণীঃ**

| | |
|---|---|
| সভাপতি | : জনাব মোহাম্মদ ইউসুফ, মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর। |
| স্থান | : মহাপরিচালকের দপ্তর, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা। |
| সময় | : সকাল ১০.০০ ঘটিকা। |
| তারিখ | : ০৭ আগষ্ট, ২০১৯ খ্রিঃ। |

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ : পরিশিষ্ট-'ক'।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভার আলোচ্য সূচী অনুযায়ী আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

আলোচনাঃ

১। আলোচ্য বিষয় : ২০১৮-১৯ অর্থ বছরের এডিপিভূক্ত প্রকল্প ও রাজস্ব বাজেটভূক্ত কর্মসূচীর জুন, ২০১৯ পর্যন্ত সময়ের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।

গত ২০১৮-১৯ অর্থ বছরের এডিপিভূক্ত প্রকল্প ও রাজস্ব বাজেটভূক্ত কর্মসূচীর জুন, ২০১৯ পর্যন্ত সময়ের বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করা হয়। সভায় জানানো হয় যে, কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় ২০১৮-১৯ অর্থ বছরে বাস্তবায়নাধীন ০৩টি বিনিয়োগ প্রকল্পের অনুমোদিত ডিপিপি মোতাবেক আরএডিপি'র বরাদ্দ অনুযায়ী মোট ১১৩২.০০ লক্ষ টাকা এবং ০২টি কর্মসূচির অনুমোদিত পিপিএনবি মোতাবেক মোট ১১৮.৩০ লক্ষ টাকার বরাদ্দ ছিল। প্রকল্পের ১১৩২.০০ লক্ষ (১০০%) টাকা ছাড় করা হলেও জুন,১৯ পর্যন্ত ৮৫৫.০০ লক্ষ (৭৫.৫৩%) টাকা ব্যয় করা হয়। এছাড়া কর্মসূচিসমূহের ১১৮.৩০ লক্ষ (১০০%) টাকা ছাড় করা হয় এবং জুন, ১৯ পর্যন্ত ১১৮.৩০ লক্ষ (১০০%) লক্ষ টাকা ব্যয় করা হয়। স্মলহোল্ডার এগ্রিকালচারাল কম্পিটিটিভনেস প্রজেক্ট (এসএসিপি) (বিপণন অংগ) শীর্ষক প্রকল্পের অগ্রগতি আশানুরূপ না হওয়ায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। ২০১৯-২০ অর্থ বছরে এডিপি বাস্তবায়নের হার গতিশীল করার লক্ষ্যে প্রকল্প/কর্মসূচিসমূহের অগ্রগতি ১০০% সম্পন্ন করার জন্য প্রকল্প পরিচালক ও কর্মসূচি পরিচালকদের নির্দেশনা প্রদান করেন। এছাড়া প্রকল্প/কর্মসূচীসমূহের ২০১৮-১৯ অর্থ বছরের অব্যয়ীত অর্থ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার বরাবর পত্র প্রেরণ পূর্বক অতি দ্রুত অর্থ সমার্পনের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। প্রকল্প ও কর্মসূচিসমূহের ২০১৯-২০ অর্থ বছরের কর্ম ও ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন বিষয়ে পৃথক পৃথক ভাবে আলোচনা করা হয়।

২: সভার আলোচনা ও সিদ্ধান্তসমূহঃ

সভায় কৃষি বিপণন অধিদপ্তরের উন্নয়ন প্রকল্পের কর্ম-পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়নের কৌশল নির্ধারণ, প্রকল্প/কর্মসূচি বাস্তবায়নে গতিশীলতা আনায়ন এবং প্রকল্প ও কর্মসূচি সংশ্লিষ্ট বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত- ১:** স্মলহোল্ডার এগ্রিকালচারাল কম্পিটিটিভনেস প্রজেক্ট (এসএসিপি) (বিপণন অংগ) শীর্ষক প্রকল্পের যবতীয় পণ্য/সেবা ক্রয়/সংগ্রহের পূর্বে বাজার দর যাচাই কমিটি কর্তৃক বাজার দর সংগ্রহ পূর্বক ব্যয় প্রাক্কলন ও সংগ্রহ পদ্ধতি যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন নিতে হবে। ০২টি বৈদেশিক ভ্রমন আবশ্যিকভাবে ডিসেম্বর,২০১৯ এর মধ্যে শেষ করতে হবে। কৃষি বিপণন অধিদপ্তরের মাঠ পর্যায়ের সকল অফিসের চাহিদা পত্র সংগ্রহ পূর্বক এবং প্রকল্পের চাহিদা অনুযায়ী আসবাবপত্রের দরপত্র আহবান করতে হবে। প্রকল্পের আওতায় অনুষ্ঠিত যাবতীয় প্রশিক্ষণ, ওয়ার্কসপ ও সেমিনারের জন্য আগামী সেপ্টেম্বর,২০১৯ এর মধ্যে একটি আদর্শ মডিউল ও ওয়ার্ক প্লান তৈরী করার জন্য সভাপতি নির্দেশনা দেন। ম্যাচিং গ্রান্ট এর নীতিমালা প্রণয়নের বিষয়ে সভাপতি নির্দেশনা প্রদান করেন। তাছাড়া চলতি অর্থ বছরে প্রশিক্ষণ সহ কার্যক্রম পরিচালনার জন্য উপযুক্ত পদ্ধতিতে সংগ্রহ পরিকল্পনা প্রণয়নপূর্বক ৩১ আগষ্ট/২০১৯ এর মধ্যে টেন্ডার আহবান এবং ৩০ সেপ্টেম্বর/২০১৯ এর মধ্যে কার্যাদেশ প্রদানের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। প্রকল্পের আওতায় অন্যান্য সংগ্রহ কার্যাদিও ৩০ সেপ্টেম্বর/২০১৯ এর মধ্যে সমাপ্ত করতে হবে। এসএসিপি প্রকল্পের কার্যক্রম যেহেতু

তিনটি বিভাগের এগারটি জেলার ত্রিশটি উপজেলায় বাস্তবায়িত হচ্ছে সেহেতু প্রতিটি বিভাগের উপ-পরিচালকগণের সহযোগিতায় প্রকল্প কার্যক্রম বাস্তবায়নের জন্য সভাপতি মহোদয় কম্পোনেন্ট ডাইরেক্টরকে নির্দেশনা প্রদান করেন। তাছাড়া ২০(বিশ) জন মার্কেটিং ফ্যাসিলিটেটর এর অফিসের সংস্থান হয়েছে কিনা এ বিষয়ে সভাপতি মহোদয় জানতে চাইলে কম্পোনেন্ট ডিরেক্টর এই মর্মে অবহিত করেন যে, কয়েকটি উপজেলায় এখনো অফিসের সংস্থান করা সম্ভব হয়নি। এক্ষেত্রে যে সকল উপজেলা অফিসের সংস্থান হয়নি সে সকল উপজেলার তথ্যসহ ডিএএম এর মহাপরিচালক বরাবর যথাশীঘ্র পত্র প্রেরণের জন্য সভাপতি নির্দেশ প্রদান করেন।

**সিদ্ধান্ত- ২:** "বাজার অবকাঠামো, সংরক্ষণ ও পরিবহন সুবিধার মাধ্যমে ফুল বিপণন ব্যবস্থা শক্তিশালীকরণ " শীর্ষক প্রকল্পের আওতায় যে সকল জেলাতে এসেম্বল সেন্টার নির্মাণ করা হবে উক্ত জায়গার প্রকৃত মালিকদের সাথে সেপ্টেম্বর,২০১৯ এর মধ্যে জমির দানপত্র দলিল সম্পাদন করার ব্যবস্থা গ্রহণ করবেন তাছাড়া ঢাকা বিভাগীয় কার্যালয় উর্ধ্বমূখী সম্প্রসারণের লক্ষ্যে স্থাপত্য নকশা ও ব্যয় প্রক্কলন অনুযায়ী নির্মান কার্যক্রম শুরূ করার জন্য সভাপতি নির্দেশনা দেন। ফুলের পাইকারী বাজার এর জায়গা নির্ধারণসহ নির্মাণ কার্যক্রম আগামী সেপ্টেম্বর,২০১৯ এর মধ্যে শুরু করার পদক্ষেপ গ্রহণের বিষয়ে সভাপতি নির্দেশনা দেন। এছাড়া প্রকল্পের যবতীয় পণ্য/সেবা/নির্মাণ ক্রয়/সংগ্রহের পুর্বে বাজার দর যাচাই কমিটি কর্তৃক বাজার দর সংগ্রহ পূর্বক ব্যয় প্রাক্কলন ও সংগ্রহ পদ্ধতি যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন নিতে হবে। বৈদেশিক ভ্রমন আবশ্যিকভাবে ডিসেম্বর,২০১৯ এর মধ্যে শেষ করতে হবে। প্রকল্পের আওতায় অনুষ্ঠিত যাবতীয় প্রশিক্ষণ, ওয়ার্কসপ ও সেমিনারের জন্য আগামী ৩১ আগষ্ট,২০১৯ এর মধ্যে একটি আদর্শ মডিউল ও ওয়ার্ক প্লান তৈরী করার জন্য সভাপতি নির্দেশনা দেন।

**সিদ্ধান্ত- ৩:** কাঁঠাল প্রর্ক্রিয়াজাতকরণের মাধ্যমে কাঁঠালের বহুমুখী ব্যবহার সম্প্রসারণ শীর্ষক কর্মসূচি এর মাধ্যমে কাঁঠাল ডিহাইড্রেশন প্লান্ট স্থাপন করার নিমিত্ত বারি, ব্রি ও সাইন্স ল্যাবরেটারী সরজমিনে ভ্রমন ও আলাপ আলোচনার মাধ্যমে যন্ত্রপাতির নাম সংগ্রহ করে আগামী সেপ্টেম্বর,২০১৯ এর মধ্যে দরপত্র আহবান করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। আগামী সেপ্টেম্বর,২০১৯ এর মধ্যে টিওটি প্রশিক্ষণ ও প্রতিমাসে ০১টি করে মাঠ পর্যায়ের প্রশিক্ষণের আয়োজন করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন।

**সিদ্ধান্ত- ৪:** অনলাইন প্রাইস মনিটরিং সংক্রান্ত ইলেকট্রনিক ডিসপ্লে বোর্ড স্থাপন শীর্ষক কর্মসূচি এর ২০১৯-২০ অর্থ বছরে নির্ধারিত ১০ ডিজিটাল ডিসপ্লেবোর্ডে সংগ্রহের নিমিত্ত আগামী সেপ্টেম্বর,২০১৯ এর মধ্যে দরপত্র আহবান করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন।

**সিদ্ধান্ত- ৫:** গত ০৭/০৮/২০১৯ তারিখে কৃষি মন্ত্রণালয় হতে জারিকৃত পত্রের ছক মোতাবেক প্রকল্পসমূহের মাসিক অগ্রগতির প্রতিবেদন দাখিল করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। এছাড়া কৃষি বিপণন অধিদপ্তরের নীতি ও পরিকল্পনা শাখার ছক (সংযুক্ত) মোতাবেক নিধারিত তারিখের মধ্যে প্রতিবেদন প্রেরণ করার জন্য সভাপতি সিদ্ধান্ত প্রদান করেন। প্রকল্পের আওতায় আউট সোর্সিং পদ্ধতিতে নিয়োগ প্রাপ্ত সকল কর্মকর্তা/কর্মচারী চাকুরী হতে অব্যহতি, নিয়োগ, বদলী করার ক্ষেত্রে মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তরের অনুমোদন সাপেক্ষে করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।

**সিদ্ধান্ত- ৬:** প্রকল্প/কর্মসূচিসমূহের অনুমোদিত ব্যয় প্রাক্কলন ও স্পেসিফিকেশন অনুযায়ী পণ্য/মালামাল সংগ্রহ করার পর মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক গঠিত কমিটির মাধ্যমে বুঝে নেয়ার বিষয়েও সভাপতি নির্দেশনা প্রদান করেন। এ ক্ষেত্রে পরিকল্পনা শাখা ও প্রশাসন শাখায় কর্মকর্তার সমন্বয়ে একটি কমিটি গঠন করতে হবে।

**সিদ্ধান্ত- ৭:** প্রকল্প/কর্মসূচিসমূহের অগ্রগতি পর্যবেক্ষণের নিমিত্ত মহাপরিচালক মহোদয়ের নেতৃত্বে নীতি ও পরিকল্পনা শাখা সময়ে সময়ে প্রকল্প এলাকা পরিদর্শন করবেন।

৩। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২০/৮/১৯

(মোহাম্মদ ইউসুফ)
মহাপরিচালক
কৃষি বিপণন অধিদপ্তর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।

## কৃষি বিপণন অধিদপ্তরের নীতি ও পরিকল্পনা শাখা হতে প্রেরিত প্রতিবেদনের তথ্যঃ

| ক্রং নং | প্রতিবেদনের নাম | যাদের জন্য প্রযোজ্য | সকল প্রকল্প/ কর্মসূচী'র অফিস হতে প্রধান কার্যালয়, ঢাকায় সর্বশেষ তথ্য প্রেরণের তারিখ | প্রধান কার্যালয়, ঢাকা হতে মন্ত্রণালয়ে তথ্য প্রেরণের সর্বশেষ তারিখ |
|---|---|---|---|---|
| ০১ | কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের এডিপি বাস্তবায়ন অগ্রগতির তথ্য | সকল প্রকল্পসমূহ | প্রতি মাসের ৩০ তারিখের মধ্যে (নির্ধারিত ছক মোতাবেক) | প্রতি মাসের ০১ তারিখের মধ্যে (নির্ধারিত ছক মোতাবেক) |
| ০২ | মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক কৃষি মন্ত্রণালয় পরিদর্শনকালে প্রদত্ত দিক নির্দেশনার আলোকে প্রণীত কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন। | প্রধান কার্যালয়/ প্রকল্প ও কর্মসূচি | প্রতি মাসের ৩০ তারিখের মধ্যে (নির্ধারিত ছক মোতাবেক) | প্রতি মাসের ০২ তারিখের মধ্যে |
| ০৩ | বৃহৎ বরাদ্দ প্রাপ্ত প্রকল্পের ছক অনুযায়ী তথ্য প্রেরণ | ৫০ কোটি টাকার উর্ধ্বে প্রকল্প | প্রতি মাসের ০৩ তারিখের মধ্যে (নির্ধারিত ছক মোতাবেক) | প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে (নির্ধারিত ছক মোতাবেক) |
| ০৪ | কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের আর্থিক ও বাস্তব এবং ক্রয় সংক্রান্ত অগ্রগতির তথ্য | সকল প্রকল্পসমূহ | প্রতি মাসের ০৩ তারিখের মধ্যে (নির্ধারিত ছক মোতাবেক) | প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে (নির্ধারিত ছক মোতাবেক) |
| ০৫ | মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক গত ২০-০৭-২০১৪ তারিখে কৃষি মন্ত্রণালয় পরিদর্শনকালে প্রদত্ত নির্দেশনা সমূহের আলোকে কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন। | SACP প্রকল্পের জন্য | প্রতি মাসের ০৩ তারিখের মধ্যে (নির্ধারিত ছক মোতাবেক) | প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে (নির্ধারিত ছক মোতাবেক) |
| ০৬ | প্রকল্পের মাসিক অগ্রগতির প্রতিবেদন (IMED/05) | সকল প্রকল্পসমূহ | প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে (নির্ধারিত ছক মোতাবেক) | প্রতি মাসের ০৭ তারিখের মধ্যে (নির্ধারিত ছক মোতাবেক) |
| ০৭ | কর্মসূচীর বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন। | কর্মসূচী পরিচালক | প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে (নির্ধারিত ছক মোতাবেক) | প্রতি মাসের ০৭ তারিখের মধ্যে (নির্ধারিত ছক মোতাবেক) |
| ০৮ | কর্মসূচীর কার্যক্রম পরিবীক্ষনের নিমিত্ত মনিটরিং টীমের প্রতিবেদন | আহ্বায়ক কর্মসূচী মনিটরিং টীম | প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে | প্রতি মাসের ০৭ তারিখের মধ্যে |
| ০৯ | প্রকল্পের ত্রৈমাসিক অগ্রগতির প্রতিবেদন (IMED/03) | সকল প্রকল্পসমূহ | প্রতি ০৩ মাস পর পর মাসের ১ম সপ্তাহের (নির্ধারিত ছক মোতাবেক) | প্রতি ০৩ মাস পর পর মাসের ১ম সপ্তাহে |
| ১০ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর মাসিক অগ্রগতির প্রতিবেদন | সকল প্রকল্প/কর্মসূচী ও সংশ্লিষ্ট শাখা প্রধানগণ | প্রতি মাসের ৩০ তারিখের মধ্যে (নির্ধারিত ছক মোতাবেক) প্রমানকসহ | প্রতি মাসের ০২ তারিখের মধ্যে (নির্ধারিত ছক মোতাবেক) |

| ক্রং নং | প্রতিবেদনের নাম | যাদের জন্য প্রযোজ্য | সকল প্রকল্প/ কর্মসূচী'র অফিস হতে প্রধান কার্যালয়, ঢাকায় সর্বশেষ তথ্য প্রেরণের তারিখ | প্রধান কার্যালয়, ঢাকা হতে মন্ত্রণালয়ে তথ্য প্রেরণের সর্বশেষ তারিখ |
|---|---|---|---|---|
| ১১ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর ত্রৈমাসিক অগ্রগতির প্রতিবেদন | সকল প্রকল্প/কর্মসূচী ও সংশ্লিষ্ট শাখা প্রধানগণ | প্রতি ০৩ মাস পর পর মাসের ১ম সপ্তাহে (নির্ধারিত ছক মোতাবেক) | প্রতি ০৩ মাস পর পর মাসের ১ম সপ্তাহে |
| ১২ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর ষান্মাসিক অগ্রগতির প্রতিবেদন | সকল প্রকল্প/কর্মসূচী ও সংশ্লিষ্ট শাখা প্রধানগণ | প্রতি ০৬ মাস পর পর মাসের ১ম সপ্তাহে (নির্ধারিত ছক মোতাবেক) | প্রতি ০৬ মাস পর পর মাসের ১ম সপ্তাহে |
| ১৩ | বাজেট বাস্তবায়ন, পরিকল্পনা প্রণয়ন এবং বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণের জন্য এডিপিভূক্ত প্রকল্পের ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন | সকল প্রকল্পসমূহ | প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে (নির্ধারিত ছক মোতাবেক) | প্রতি মাসের ০৭ তারিখের মধ্যে (নির্ধারিত ছক মোতাবেক) |
| ১৪ | মধ্যেমেয়াদী বাজেট কাঠামোর (MTBF) আওতায় কৃষি বিপণন অধিদপ্তরের (KPI) বিষয়ক প্রান্তিক অগ্রগতির প্রতিবেদন | প্রধান কার্যালয়/ প্রকল্প ও কর্মসূচি | প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে (নির্ধারিত ছক মোতাবেক) | প্রতি ০৩ মাস পর পর মাসের ১ম সপ্তাহে |
| ১৫ | বাজেটে ঘোষিত গুরুত্বপূর্ণ কার্যক্রম/কর্মসূচীর প্রান্তিক অগ্রগতির প্রতিবেদন | প্রধান কার্যালয়/ প্রকল্প ও কর্মসূচি | - | প্রতি ০৩ মাস পর পর মাসের ১ম সপ্তাহে |
| ১৬ | প্রকল্প ও কর্মসূচির বার্ষিক কর্ম ও ক্রয় পরিকল্পনা | সকল প্রকল্প/কর্মসূচী | অর্থ বছরের শুরুতে প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে (নির্ধারিত ছক মোতাবেক) | অর্থ বছরের শুরুতে |
| ১৭ | যাবতীয় পণ্য/নির্মাণ ও সেবা ক্রয়/ সংগ্রহের ব্যয় প্রাক্কলন ও ক্রয় পদ্ধতি অনুমোদন | সকল প্রকল্প/কর্মসূচী | যাবতীয় পণ্য/নির্মাণ ও সেবা ক্রয়/ সংগ্রহের প্রায় ১ মাস পূর্বে | - |

**উল্লেখ্য, যাবতীয় প্রতিবেদন নির্ধারিত ছক মোতাবেক কম পক্ষে ০২ প্রস্থ প্রেরণ করতে হবে।**